

স্কুলে যেতে পারা সমস্ত বাচ্চাদের জন্য একটি মৌলিক অধিকার। যেকোন স্থান / দেশ, সামাজিক অবস্থান, আর্থিক এবং শারীরিক অবস্থান থেকেই বাচ্চারা আসুক না কেন, ইতালিয়ান স্কুল সব বাচ্চাদের জন্যই স্কুলে যেতে পারার অধিকারকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়।

স্কুলে নিয়মিত যাওয়া একটি কর্তব্যও : ইতালিতে অন্তত ১৬ বছর বয়স পর্যন্ত নিয়মিতভাবে স্কুলে যাওয়া আবশ্যিক।

Iscrizione a Scuola A.S. 2022/2023

২০২২ / ২০২৩ সালের স্কুলের জন্য ভর্তি নিবন্ধন

যে সব পরিবার তাদের নিজ নিজ সন্তানকে নিম্নে দেয়া স্কুলেগুলিতে ভর্তির জন্য নিবন্ধন করতে চান :

- প্রাইমারী স্কুল (প্রথম শ্রেণী)
যে সমস্ত বাচ্চাদের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর এর মধ্যে ৬ বছর বয়স পূর্ণ হবে। আর যে সমস্ত বাচ্চারা ৩০শে এপ্রিল ২০২৩ সালে ৬ বছর বয়স পূর্ণ করবে তাদের ভর্তির জন্যও নিবন্ধন করা যাবে।
- সেকেন্ডারী স্কুলের প্রথম গ্রেড (প্রিমা মেদিয়া / ক্লাস সিন্স)
- যে সমস্ত শিক্ষার্থীদের এই শ্রেণিতে ভর্তির যোগ্যতা আছে তাদের জন্য।
- সেকেন্ডারী স্কুলের দ্বিতীয় গ্রেড (প্রিমা সুপেরিওরে / ক্লাস নাইন)
যে সমস্ত শিক্ষার্থীদের এই শ্রেণিতে ভর্তির যোগ্যতা আছে তাদের জন্য।

স্কুলে ভর্তির জন্য নিবন্ধনটি অনলাইনে একটি নিদৃষ্ট পদ্ধতি অনুসরণ করে করতে হবে

কিভাবে করবেন ?

নিবন্ধন করতে হলে আপনাকে দুইটি পদক্ষেপ নিতে হবে :

- ১ - ২০ ডিসেম্বর ২০২১ সাল থেকে নিম্নে দেয়া ওয়েবসাইটের মাধ্যমে প্রথম প্রয়োজনীয় রেজিস্ট্রেশনটি করা যাবে।

www.iscrizioni.istruzione.it

- ২ - ৪ই জানুয়ারি সকাল ৮টা থেকে নিম্নে দেয়া সাইটের মাধ্যমে স্কুলের জন্য নিবন্ধন করা

সম্ভব।

<https://www.miur.gov.it/-/iscrizioni-online>

২৮শে জানুয়ারি রাত ৮টা পর্যন্ত ভর্তি নিবন্ধন করা যাবে, তারপর নিবন্ধন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে।

একটি ডিজিটাল আইডেন্টিটি থাকা জরুরী : নিবন্ধন সিস্টেমটিতে প্রবেশের জন্য নিম্নোলিখিত বিষয়গুলি ব্যবহার করে প্রবেশ করতে হবে :

- স্পীড (SPID) { পাবলিক ডিজিটাল আইডেন্টিটি সিস্টেম }
- সি আই ই (CIE) { ইলেক্ট্রনিক আইডেন্টি কার্ড }
- এল ডি এ এস (el DAS) { ইলেক্ট্রনিক সনাক্তকরণ প্রমাণীকরণ এবং স্বাক্ষর }

আমার কোন কোন ডকুমেন্টস লাগবে ?

রেজিস্ট্রেশন করার পর এবং ডিজিটাল আইডেন্টিটি ব্যবহার করে সাইটে ঢোকার পর অভিভাবক , যে শিক্ষার্থীর জন্য নিবন্ধন করতে চান সেই শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য দিয়ে ফরম পূরণ করবেন (কোদিচে ফিস্কালে , নাম এবং বংশের নাম , জন্ম তারিখ , রেসিডেন্স , টিকার সার্টিফিকেট ¹⁾ এবং তারপর স্কুল সিলেক্ট করতে হবে ।

পৃথক পৃথক স্কুল সম্পর্কে তথ্যের জন্য নিম্নে দেয়া সাইটে ক্লিক করুন :

<https://cercalatuascuola.istruzione.it/cercalatuascuola/>

স্কুল নির্বাচনের জন্য যে স্কুলে ভর্তি হতে চাওয়া হচ্ছে সেই স্কুলের নাম উল্লেখ করা জরুরী এবং **মেকানোগ্রাফিক কোড নাম্বারটি** উল্লেখ করতে হবে , এই কোডটি আবেদনপত্রের ভেতরে এবং স্কুলের সাইটে পরিষ্কার খুঁজে পাওয়া যাবে । মেকানোগ্রাফিক কোড হচ্ছে এমন একটি কোড যা অক্ষর এবং নাম্বার দ্বারা গঠিত স্কুলের সাথে যুক্ত কোড নাম্বার (যেমন MIRS12345).

নিবন্ধন করার সময় **বাবা এবং মা দুজনেরই** তথ্য দেয়া আবশ্যিক , যেমন (নাম , রেসিডেন্স ,কদিচে ফিস্কালে, একটি পরিচয়পত্র)। **সাবধানতা** যে যে তথ্য উল্লেখ করা হবে তা যেন অবশ্যই সত্যি হয় ।

নিবন্ধন করার সময় একটি **ই-মেইল এড্রেস** চাওয়া হবে । স্কুল – পরিবারের মধ্যে নিয়মিত যোগাযোগের জন্য সব সময় একটি নিদৃষ্ট ই-মেইল ব্যবহার করা খবই জরুরী ।

স্কুলের সেক্রেটারি , যেসব পরিবারের কম্পিউটার নেই সেইসব **পরিবারকে নিবন্ধনে সহায়তা প্রদান করবে।**

বিশেষ ক্ষেত্রে

যে যে বিশেষ ক্ষেত্রে

- প্রতিবন্ধী শিক্ষার্থী ;
- ডি এস এ (DSA) আছে যে শিক্ষার্থীর ;
- প্রতিবন্ধী শিক্ষার্থী , যারা নিজের কাজ নিজে করতে পারে না কাজেই তাদের মৌলিক যত্নের জন্য অন্যের সাহায্য প্রয়োজন (AEC);
- একচেটিয়া দায়িত্ব ;
- সামাজিক পারিবারিক পরিস্থিতি / সোশ্যাল সার্ভিসের মাধ্যমে প্রমাণিত অর্থনৈতিক পরিস্থিতি ;
- যে সমস্ত ছাত্র / ছাত্রী ইতালিতে অল্প দিন ধরে বসবাস করছে ;

উপরে উল্লেখিত বিশেষ ক্ষেত্রগুলিতে আবেদনপত্রটি , যদিও সেটি অনলাইন আবেদনও হয় তারপরও নির্বাচিত স্কুলের সেক্রেটারিতে ১০ দিনের মধ্যে আবেদনটির ব্যাপারে নিশ্চিত করা আবশ্যিক ।

২০২২ সালের ৩১শে মে থেকে ৩০শে জুন , উপরন্তু , **ক্যাথলিক ধর্ম ক্লাসের সময় বিকল্প ক্রিয়াকলাপ** নির্বাচন করা সম্ভব এবং এই ক্ষেত্রে সেই বিকল্প ক্রিয়াকলাপ এর জন্য সময় এবং পদ্ধতিগুলি সম্পর্কে পরিবারগুলোর সাথে পরবর্তি সময়ে যোগাযোগ করা হবে । নিবন্ধন সাইটে এই সম্পর্কে একটি নিদৃষ্ট বিভাগ স্থাপন করা হবে ।

¹⁾টিকার সার্টিফিকেট – ইতালিতে নতুন আসা শিক্ষার্থীদের নিজ দেশে দেয়া টিকার মূল্যায়ন করার জন্য এটি এস (ATS) { ইতালিয়ান স্বাস্থ্য কতৃপক্ষ } এর কাছে আবেদন করতে হবে ।